**প্রেস বিজ্ঞপ্তি**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**

**বিভিন্ন অপরাধে ৭৬টি প্রতিষ্ঠানকে ৬.১৫ লক্ষ টাকা জরিমানা**

**২০ জুন ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ২২ জন কর্মকর্তার নেতৃত্বে ফরিদপুর, শেরপুর, মাদারীপুর, নারায়ণগঞ্জ, নেত্রকোণা, জয়পুরহাট, ঠাকুরগাঁও, মৌলভীবাজার, নওগাঁ, ফেনী, নাটোর, খুলনা, সাতক্ষীরা, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, নড়াইল, চট্টগ্রামে আজ বাজার তদারকি করা হয়।

ফরিদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ফরিদপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণার আটপাড়া উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৩৮,৫০০/- (আটত্রিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

জয়পুরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে জয়পুরহাট সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: হেলাল উদ্দীনের নেতৃত্বে ঠাকুরগাঁও এর পীরগঞ্জ উপজেলায় **১৩টি** প্রতিষ্ঠানকে **১০,৩০০/- (দশ হাজার তিনশত)** টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কাজী রকিবুল হাসানের নেতৃত্বে নওগাঁ এর পোরশা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে নাটোর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে খুলনা মহানগর এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মো: মোস্তাফিজুর রহমানের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের উলিপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের মোঘলাবাজার থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, নড়াইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে নড়াইল সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের কোতয়ালী থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের চক বাজার থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের সদরঘাট থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২,৯৫,৩০০/- (দুই লক্ষ পঁচানব্বই হাজার তিনশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, ওজনে কারচুপি ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মো: মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে JNZ International ও মীনা বাজারকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **২ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে টেস্টি ফুড এন্ড জেনারেল স্টোরকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে daraz.com কে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৭৫০/- **(সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিম অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে টি রিসোর্ট এন্ড মিউজিয়ামকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্যাহ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Lotto Express Leather, Titanic Restaurant, পেপার্স রেস্টুরেন্ট ও Chick Chicken কে যথাক্রমে **৪,০০০/- (চার হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা, **১,০০০/- (এক হাজার)** টাকা এবং **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৪ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারিত করা ও প্রতিশ্রুত সেবা যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে রবি আজিয়াটাকে **২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬২,৫০০/- (বাষট্টি হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২৩টি** বাজার তদারকির ও **১০টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৬টি** প্রতিষ্ঠানকে মোট **৬,১৫,৮০০/- (ছয় লক্ষ পনের হাজার আটশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১০ জন** অভিযোগকারীকে মং **৭০,২৫০/- (ছয় হাজার চারশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ফরিদপুর, শেরপুর, মাদারীপুর, নারায়ণগঞ্জ, নেত্রকোণা, জয়পুরহাট, ঠাকুরগাঁও, মৌলভীবাজার, নওগাঁ, ফেনী, নাটোর, খুলনা, সাতক্ষীরা, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, নড়াইল, চট্টগ্রাম।
৭। পুলিশ সুপার, ফরিদপুর, শেরপুর, মাদারীপুর, নারায়ণগঞ্জ, নেত্রকোণা, জয়পুরহাট, ঠাকুরগাঁও, মৌলভীবাজার, নওগাঁ, ফেনী, নাটোর, খুলনা, সাতক্ষীরা, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, নড়াইল, চট্টগ্রাম।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।